

## কথা ছিল



লেখকঃ অভিজ্ঞান চক্রবর্তী  
 পরিচিতিঃ কবিতার পরিমণ্ডলে বড়ো হওয়া, কবি দম্পতির একমাত্র সন্তান অভিজ্ঞান বর্তমানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে Engineering Faculty-তে ছাত্র। সাড়ে তিন বছর বয়সে অভিজ্ঞানের প্রথম কবিতার ছত্র ছিল, “ঢেউ ঢেউ / নেই কেউ...” তার লেখা এখন নিয়মিত স্থান পায় বাংলার নামী সাহিত্যপত্রিকাগুলিতে।

কথা ছিল এমনই কোন বিকেলে শোনার বিটোফেন  
 পাবলো নেরুদা আর ফিদেল কাস্ত্রো রাঙাবে তোমার চোখ  
 রোদমাখা আলোয় জেগে উঠবে কিউবা, ভিয়েতনাম  
 কথা রাখিনি ...

বেড়াল সবাই সাদা হয়ে গেছে  
 আলাদা রংটিই বা কোথায়?  
 হয়তো স্বপ্নটি একটু বেশীই বড় ছিল

রেডিওতে শুনতে পাবে লিঙ্কিং পার্ক  
 পড়লেও পড়তে পারো চেতন ভগত  
 মেঘলা বিকালেও আলোচনায় কিন্তু আছে সিন্ধুর, নন্দীগ্রাম!

বন্ধু! কথার কোন বয়স হয়না ...